

■ সোয়াদ | □□d | ০০০

আয়াতঃ ৩৮: ৭৪

💵 আরবি মূল আয়াত:

إِلَّا إِبلِيسَ اللَّهِ إِستَكبَرَ وَ كَانَ مِنَ الكُفِرِينَ ﴿٧٢﴾

🗚 অনুবাদসমূহ:

ইবলীস ছাড়া, সে অহঙ্কার করল এবং কাফিরদের অন্তর্ভুক্ত হয়ে পড়ল। — আল-বায়ান ইবলীস ছাড়া। সে অহঙ্কার করল আর কাফিরদের অন্তর্ভুক্ত হয়ে গেল। — তাইসিরুল শুধু ইবলীস ব্যতীত; সে অহংকার করল এবং কাফিরদের অন্তর্ভুক্ত হল। — মুজিবুর রহমান

Except Iblees; he was arrogant and became among the disbelievers. — Sahih International

৭৪. ইবলীস ছাড়া, সে অহংকার করল এবং কাফিরদের অন্তর্ভুক্ত হল।

তাফসীরে জাকারিয়া

(৭৪) ইবলীস ছাড়া, সে অহংকার করল[1] এবং সত্যপ্রত্যাখ্যানকারীদের অন্তর্ভুক্ত হল। [2]

- [1] যদি ইবলীসকে ফিরিশতার গুণে গুণাম্বিত ভাবা হয় তবে এই استثناء متصل হবে। অর্থাৎ ইবলীস সিজদার ঐ আদেশের আওতাভুক্ত হবে। এ ছাড়া এটা استثناء منقطع। হবে, অর্থাৎ ইবলীস সেই আদেশের আওতাভুক্ত ছিল না। কিন্তু তার আকাশে বসবাসের কারণে তাকেও উক্ত আদেশ দেওয়া হয়েছিল। কিন্তু সে অহংকারবশতঃ তা পালন করতে অস্বীকার করল।
- [2] এখানে کَانَ (ছিল) صَارَ (হয়ে গেল)এর অর্থে ব্যবহার হয়েছে। অর্থাৎ আল্লাহ তাআলার আদেশ লজ্যন ও তাঁর আনুগত্যে অহংকার প্রদর্শনের কারণে সে কাফের হয়ে গেল। অথবা আল্লাহর ইলমে সে কাফের ছিল।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4044

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন